## ভিডব্লিউবি

- সদর কার্যালয় হতে উপকারভোগীর সংখ্যার বরাদ্দ প্রাপ্তি;
- নীতিমালা মোতাবেক মহিলা বিষয়ক অফিস কর্তৃক কার্যক্রম গ্রহণ;
- ভিডব্লিউবি'র নির্ধারিত সফটওয়্যারে ইউনিয়ন পরিষদের নির্ধারিত ইউজার আইডির মাধ্যমে অনলাইনে আবেদন গ্রহণের নিমিত্ত ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ;
- প্রাপ্ত আবেদনগুলো ইউনিয়ন পরিষদ কর্তৃক যাচাই-বাছাই অন্তে প্রাথমিক তালিকা তৈরি এবং উপজেলায় প্রেরণ;
- উপজেলা কমিটি কর্তৃক প্রাথমিক তালিকা যাচাই-বাছাই;
- বাছাইকৃত তালিকা উপজেলা কমিটির সভায় উপস্থাপন;
- উপজেলা কমিটিতে অনুমোদন ও চূড়ান্ত তালিকা প্রণয়ন;
- উপকারভোগীদের মধ্যে কার্ড বিতরণ;
- চালের বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রতি মাসে ডিও জারী;
- উপকারভোগীর নিজ নামীয় সঞ্চয়ী হিসাবে প্রতিমাসে ২২০/- টাকা হারে সঞ্চয় জমা করতঃ জমা রশিদ প্রদর্শন পূর্বক চাল বিতরণ
- চুক্তিবদ্ধ এনজিও দ্বারা প্রশিক্ষণ;
- মেয়াদ শেষে সঞ্চয়ের টাকা সুদসহ ফেরত।

২.৩ **অন্তর্ভুক্তির শর্তাবলী:**

১. বয়সসীমা ২০ হতে ৫০ বছর। আবেদন করার জন্য জাতীয় পরিচয়পত্র থাকা বাধ্যতামূলক।

২. পরিবারে কর্মক্ষম অসচ্ছল, বিধবা, তালাকপ্রাপ্ত ও স্বামী পরিত্যক্তা নারী আছে এবং কোন উপার্জনক্ষম সদস্য অথবা অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।

**অগ্রাধিকার শর্তাবলী:**

১. প্রকৃত অর্থে ভূমিহীন অর্থাৎ খানা বা পরিবারের কোন জমি নেই অথবা নিজ মালিকানার বসত ভিটা ও চাষযোগ্য মোট জমির পরিমাণ ০.১৫ একর (১৫ শতাংশ) অথবা কম। ভূমিহীন যে সব পরিবারের মহিলা অসচ্ছল ও অসহায় এবং যাদের অন্য কোন স্থায়ী/নিয়মিত আয়ের উৎস নেই।

২. যে পরিবার দৈনিক দিনমজুর হিসেবে জীবিকা নির্বাহ করে, তবে কৃষিক্ষেত্রে দিনমজুর হিসেবে কাজ করে সে পরিবার অগ্রাধিকার পাবে।

৩. যে সব দরিদ্র পরিবারে কিশোরী আছে সে সকল পরিবারের "মা" অগ্রাধিকার পাবে। কিশোরীরা নিয়মিত শিক্ষা প্রতিষ্ঠানে যাবে, বাল্য বিবাহ করবে না এবং কোন ঝুঁকিপূর্ণ কাজে যুক্ত থাকবে না মর্মে অংগীকারবদ্ধ হতে হবে এবং প্রদেয় অঙ্গিকার ভঙ্গকারী উপকারভোগীদের অনুকূলে বরাদ্দকৃত কার্ড তাৎক্ষনিকভাবে বাতিল করা হবে।

৪. যে সকল পরিবারে ১৫-১৮ বছর বয়সী অবিবাহিত মেয়ে রয়েছে সেই পরিবারের আবেদনকারী অগ্রাধিকার পাবে।

৫. যে পরিবারের ঘরের দেয়াল মাটির/পাটকাঠি বা বাঁশের তৈরী, সে পরিবার অগ্রাধিকার পাবে।

৬. যে সব দরিদ্র পরিবারে অটিজম/প্রতিবন্ধী সদস্য আছে, সে সব পরিবার ভিডব্লিউবি উপকারভোগী নির্বাচনে অগ্রাধিকার পাবে।

৭. উপকারভোগী নির্বাচনের ক্ষেত্রে প্রত্যাগত অভিবাসীদের পরিবার ও প্রত্যাগত অভিবাসী নারীরা অগ্রাধিকার পাবে।

২.৪ **অন্তর্ভুক্তির অযোগ্যতা:**

১. বয়স ২০ বছরের নিচে এবং ৫০ বছরের এর উপরে।

২. সরকারের চলমান অন্য কোন সামাজিক নিরাপত্তা কর্মসূচি/প্রকল্পের উপকারভোগী।

৩. ২০১৯-২০২০ এবং ২০২১-২০২২ চক্রে ভিজিডি কার্ডধারী ছিলেন।

২.৫ **অন্যান্য শর্তাবলী:**

১. একটি পরিবার কেবলমাত্র একটি ভিডব্লিউবি কার্ড পাবে।

২. নির্বাচিত মহিলাগণ বিনা শর্তে এবং বিনা মূল্যে ভিডব্লিউবি কার্ড পাবেন।

৩. কোন আবেদনকারী একটি এলাকার স্থায়ী বাসিন্দা বা ভোটার না হলেও যদি তিনি সেই এলাকায় বর্তমানে বসবাস করেন তাহলে তিনি প্রয়োজনীয় শর্তাবলী পূরণ করা স্বাপেক্ষে সেই এলাকায় ভিডব্লিউবি কার্যক্রমের সুবিধা পাওয়ার জন্য বিবেচিত হতে পারবেন।